# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

প্রধান প্রকৌশলী (উন্নয়ন), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

এবং

নির্বাহী পরিচালক (প্রকৌশল), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ - ৩০ জুন, ২০২৪

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ডিপিডিসি'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | ০৩ |
| প্রস্তাবনা (Preamble) | | ০৪ |
| সেকশন ১ | : ডিপিডিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২ | : ডিপিডিসি'র বিভিন্ন কার্যক্রমের ফলাফল/ প্রভাব (Outcome/Impact) | ০৬ |
| সেকশন ৩ | : ২০২৩-২৪ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা | ০৭ |
| সেকশন ৪ | : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | ০৮ |
| সেকশন ৫ | : সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ | ০৯ |
| সংযোজনী ১ | : শব্দসংক্ষেপ (Acronyms) | ১০ |
| সংযোজনী ২ | : কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১১ |
| সংযোজনী ৩ | : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১১ |

# ডিপিডিসি'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of DPDC)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

গত তিন বছরে আমদানি পর্যায়ে সিস্টেম লস ক্রমান্বয়ে হ্রাস পেয়ে ২০২১-২২ অর্থবছরে ৬.০৬% নেমে এসেছে। ৪৬৩ কি.মি. সঞ্চালন ও বিতরণ লাইন নির্মাণ হওয়ায় ২০২১-২২ অর্থবছরে মোট ৫৯১৬ সার্কিট কিলোমিটারে উন্নীত হয়েছে। বর্ণিত সময়ে ১৩২/৩৩ কেভি ও৩৩/১১ কেভি উপকেন্দ্রের সংখ্যা ১৯টি বৃদ্ধি পেয়েছে। ফলে সক্ষমতা ৩৩/১১ কেভি লেভেলে ৪৩৬১ এমভিএ-তে উন্নীত হয়েছে। রাজধানীতে পরিচ্ছন্ন, উন্নত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে "ধানমন্ডি আন্ডারগ্রাউন্ড ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক" নির্মাণ কাজ শুরু হয়েছে। ড্রোন ব্যবহার করে ১৩২/৩৩ কেভি ও ৩৩/১১ কেভি উপকেন্দ্রে স্মার্ট সার্ভেইল্যান্স এবং থার্মাল প্রোফাইলিং বাস্তবায়ন করা হচ্ছে। ডিপিডিসি'র বর্তমান গ্রিড ব্যবস্থাকে স্মার্ট গ্রিডে রূপান্তরের কাজ শুরু হয়েছে। বর্তমান ওভারহেড বিতরণ ব্যবস্থাকে ভূগর্ভস্থ ব্যবস্থায় রূপান্তরের কার্যক্রম চলমান আছে। এছাড়াও আট লক্ষাধিক স্মার্ট প্রি-পেমেন্ট মিটার (Automated Metering Infrastructure, AMI) স্থাপন করা হচ্ছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সমস্যাসমূহ

ক) অপরিকল্পিত নগরায়নের ফলে ঝুঁকিপূর্ণ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা

খ) সময়মতো প্রকল্প বাস্তবায়নের জন্য খননের অনুমতি প্রদানে বিলম্ব

গ) চাহিদা অনুযায়ী বিদ্যুৎ প্রাপ্তি

চ্যালেঞ্জসমূহ

ক) চাইনিজ জিটুজি লোন এর আওতায় এক্সপানশন এন্ড স্ট্রেংদেনিংঅব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক সময়মতো বাস্তবায়ন

খ) ২০২৫ সালের মধ্যে ডিপিডিসি সকল গ্রাহককে প্রি-পেইড/স্মার্ট মিটারের আওতায় আনা

গ) নতুন বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান ও পুরাতন উপকেন্দ্রসমূহ মেরামতের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি

ঘ) উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রাহকসেবা-কে সর্বোচ্চ পর্যায়ে উন্নীতকরণ

ঙ) চাইনিজ জিটুজি লোন এর আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের পর ঋণের কিস্তি পরিশোধ

### ভবিষ্যৎ পরিকল্পনা:

সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করে দেশের সেরা বিদ্যুৎ সংস্থা হওয়া ডিপিডিসি'র অন্যতম ভবিষ্যৎ পরিকল্পনা। এ লক্ষ্য অর্জনে ডিপিডিসি সরকার, দাতা সংস্থা এবং নিজস্ব অর্থায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা করেছে। প্রকল্পসমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো:

ক) বর্তমান উপকেন্দ্রসমূহ-কে স্মার্ট গ্রিড সিস্টেম ব্যবস্থার রূপান্তর

খ) আট লক্ষাধিক স্মার্ট প্রি-পেমেন্ট মিটার (Automated Metering Infrastructure, AMI) স্থাপন

গ) ডিপিডিসি'র আওতায় ঢাকার কাওরান বাজারে ভূগর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ

ঘ) নতুন বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান ও পুরাতন উপকেন্দ্রসমূহ মেরামতের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি এবং

ঙ) বর্তমান ওভারহেড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাকে আন্ডারগ্রাউন্ডে রূপান্তর।

### ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বিদ্যুতের বিতরণ উপকেন্দ্র ১৩ টি নির্মাণ/ আপগ্রেডেশন;
- ২৫০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ/ আপগ্রেডেশন ও বিদ্যুতায়ন;
- ১,০০,০০০ প্রি-পেইড মিটার স্থাপন নিশ্চিতকরণ;
- এডিপিভুক্ত প্রকল্পের PIC-১২ টি সভার আয়োজন;
- সকল উপকেন্দ্র, ৩৩ কেভি লাইন এবং ১১ কেভি লাইনের জিআইএস ম্যাপিং সম্পন্নকরণ।

CE (D) to ED (E)

# প্রস্তাবনা (Preamble)

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদারকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান প্রকৌশলী (উন্নয়ন), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

এবং

নির্বাহী পরিচালক (প্রকৌশল), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

-এর মধ্যে ২০২৩ সালের জুলাই মাসের ৩০ খ্রি. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## ডিপিডিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision) :

তথ্যপ্রযুক্তি ও উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে ডাটা-কেন্দ্রিক অবকাঠামো নির্মাণ, নবায়নযোগ্য বিদ্যুৎ খাতের উন্নয়ন, প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং নির্ভরযোগ্য, প্রতিযোগিতামূলক বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকগণের সন্তুষ্টি অর্জন ও দেশের সেরা বিদ্যুৎ সংস্থা হওয়া।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

- নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহের জন্য ডিপিডিসি'র সর্বস্তরের পরিচালনা পদ্ধতি ডাটা-কেন্দ্রিক বিগ ডাটা মানসিকতায় বিবর্তন করা।
- উপকেন্দ্র ও বিতরণ লাইন এর প্রতিটি ডিভাইস এবং মিটারিং এর সর্বক্ষেত্রে টু-ওয়ে কমিউনিকেশনসহ ডাটা-কেন্দ্রিক অবকাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য রি-ট্রেইনিং ও ফ্রেস রিক্রুইটমেন্ট করা।
- দেশের ও কোম্পানির প্রচলিত আইন ও বিধি প্রতিপালন এবং নির্দেশনা যথাযথ অনুসরণের মাধ্যমে সকল স্টেইকহোল্ডারের কাছে ডিপিডিসি-কে স্বচ্ছ ও জবাবদিহিতামূলক প্রতিষ্ঠানে পরিণত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:

#### ১.৩.১ ডিপিডিসি'র কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি।
২. বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
৩. নতুন বিদ্যুৎ সংযোগ এবং গ্রাহক সন্তুষ্টি অর্জন।
৪. নিরবচ্ছিন্ন ও গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪
২. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪
৩. অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪
৪. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪
৫. তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪

### ১.৪ দপ্তরের প্রধান কার্যাবলি (Functions):

- ডিপিডিসি'র বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প, নিজস্ব অর্থায়নের গৃহীত প্রকল্প ও পূর্ত উন্নয়ন/পূর্ত মেরামত কাজের এপিপি সমন্বয় ও অনুমোদনের প্রক্রিয়া করা;
- উন্নয়ন প্রকল্পের জন্য ডিপিডিসি'র বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প, নিজস্ব অর্থায়নের গৃহীত প্রকল্পের ডিপিপি প্রণয়ণ ও ECNEC সভায় অনুমোদনে অনুমোদনে প্ল্যানিং এন্ড ডিজাইন দপ্তরের কাজে সমন্বয় করা;
- অনুমোদিত প্রকল্পের বিপরীতে টেন্ডার আহ্বান, ঠিকাদার নির্বাচন ও মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়ন তদারকি করা;
- মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নে প্রকল্প পরিচালকদের প্রয়োজনীয় নির্দেশনা ও সহায়তা প্রদানসহ যাবতীয় কাজ সমন্বয় করা;
- প্রকল্প সংক্রান্ত তথ্য ও রিপোর্ট চাহিদা অনুযায়ী মন্ত্রণালয়/সংশ্লিষ্ট বিভাগ ও বিভিন্ন সংস্থায় প্রেরণ করা;
- সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে ডিপিডিসি'র স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা বাস্তবায়ন করা;
- বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি/আরএডিপি) এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও যথাযথ বাস্তবায়ন কাজ সমন্বয় করা;
- দপ্তরের বার্ষিক বাজেট প্রস্তুত করাসহ সকল আর্থিক কার্যাদি বিধি মোতাবেক সম্পাদন করা ও উৎসে কর্তিত কর যথাসময়ে রাষ্ট্রীয় কোষাগারে জমা করার ব্যবস্থা গ্রহণ করা।

CE (D) to ED (E)

## সেকশন ২

### ডিপিডিসি'র বিভিন্ন বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/ প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ * | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা | সুবিধা প্রাপ্ত সংখ্যা | সংখ্যা | ১০৪৭৩৮ | ৭০৭১৩ | ৬০০০০ | ৬০০০০ | ৬০০০০ | বিদ্যুৎ বিভাগ | এমআইএস ও কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস |
| নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা | SAIDI | মিনিট | ৬১৫ | ৭৩৩.৮৯৭ | ৮০০ | ৭৯৫ | ৭৯০ | বিপিডিবি, পিজিসিবি | অটোমেটেড ডাটা, এমআইএস ও কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস |
| প্রাতিষ্ঠানিক দক্ষতা, সক্ষমতা ও স্বচ্ছতা বৃদ্ধি | সিস্টেম লস | % | ৬.০৬ | ৬.৬৭ | ৬.৫০ | ৬.৪৫ | ৬.৪০ | বিদ্যুৎ বিভাগ | এমআইএস ও কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস |
| নবায়নযোগ্য বিদ্যুৎ খাতের উন্নয়ন | রুফটপ সোলার সিস্টেম স্থাপনকৃত | কে ডব্লিউ পিক | - | ২৮১.৩৮ | ২৪০ | ২৮০ | ৩২০ | বিদ্যুৎ বিভাগ, স্রেডা | এমআইএস ও কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস |

- এপ্রিল/২০২৩

CE (D) to ED (E)

## সেকশন ৩ কর্মসম্পাদন পরিকল্পনা (৫০)

| কর্ম সম্পাদনের ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| প্রধান প্রকৌশলী (উন্নয়ন) ডিপিডিসি দপ্তরের কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ ........................................৫০ | | | | | | | | | | | | | | | |
| [২] নতুন বিদ্যুৎ সংযোগ এবং গ্রাহক সন্তুষ্টি অর্জন | ১৫ | [২.২] গ্রাহক সন্তুষ্টি অর্জন | [২.২.১] সকল উপকেন্দ্রের GIS ম্যাপিং | সমষ্টি | % | ৫ | ১০০ | ১০০.০০ | ১০০ | ৯৮ | - | - | - | ১০০ | ১০০ |
| | | | [২.২.২] সকল ৩৩ কেভি লাইনের GIS ম্যাপিং | সমষ্টি | % | ৫ | ১০০ | ৮২.০৫ | ১০০ | ৯৮ | - | - | - | ১০০ | ১০০ |
| | | | [২.২.৩] সকল ১১ কেভি লাইনের GIS ম্যাপিং | সমষ্টি | % | ৫ | ১০০ | ৮৬.৬৭ | ১০০ | ৯৮ | - | - | - | ১০০ | ১০০ |
| [৩] বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন | ৩৫ | [৩.১] বিতরণ লাইন সম্প্রসারণ | [৩.১.১] বিতরণ লাইন নির্মাণ | সমষ্টি | কিঃমিঃ | ৫ | - | - | ১৯১ | ১৭৫ | ১৫০ | - | - | ১০০ | ৫০ |
| | | | [৩.১.২] বিতরণ লাইন আপগ্রেডেশন | সমষ্টি | কিঃমিঃ | ৩ | - | - | ৫১ | ৪৫ | ৩৫ | - | - | ৫০ | ৫০ |
| | | | [৩.১.৩] নির্মাণকৃত লাইন বিদ্যুতায়ন | সমষ্টি | কিঃমিঃ | ৫ | - | - | ১৯১ | ১৭৫ | ১৫০ | - | - | ১০০ | ৫০ |
| | | | [৩.১.৪] আপগ্রেডেশনকৃত লাইন বিদ্যুতায়ন | সমষ্টি | কিঃমিঃ | ৩ | | | ৫১ | ৪৫ | ৩৫ | - | - | ৫০ | ৫০ |
| | | | [৩.১.৫] নির্মাণ/আপগ্রেডেশনকৃত লাইন পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৪ | - | - | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |
| | | [৩.২] উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | [৩.২.১] বিতরণ উপকেন্দ্র নির্মাণ | সমষ্টি | সংখ্যা | ৬ | - | - | ৮ | ৬ | ৪ | - | - | ২ | ২ |
| | | | [৩.২.২] বিতরণ উপকেন্দ্র আপগ্রেডেশন | সমষ্টি | সংখ্যা | ৪ | - | - | ৫ | ৪ | ৩ | - | - | ২ | ২ |
| | | | [৩.২.৩] নির্মাণ/আপগ্রেডেশনকৃত বিতরণ উপকেন্দ্র পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | - | - | ৩ | ২ | ১ | - | - | ১ | ২ |

*এপ্রিল ২০২৩

CE (D) to ED (E)



এপিএ ২০২৩-২০২৪

## সেকশন ৪

### প্রধান প্রকৌশলী (উন্নয়ন) দপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (২০)

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২৩-২০২৪ লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ...................................................................... ১২ | | | | | | | | | | | | | |
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | ৩ | পদ্ধতি | প্রধান প্রকৌশলী, উন্নয়ন/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চুক্তি ও ক্রয় সার্কেল) | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০% | ২৫% | ৫০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ৬ | সংখ্যা | প্রধান প্রকৌশলী, উন্নয়ন/প্রকল্প পরিচালক | ১২ | লক্ষ্যমাত্রা | - | ৫ | ৮ | ১২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত | ৩ | তারিখ | প্রধান প্রকৌশলী, উন্নয়ন/ প্রকল্প পরিচালক | - | লক্ষ্যমাত্রা | - | - | - | - | | ২০২২-২৩ অর্থ বছরে এডিপিভুক্ত কোন প্রকল্প সমাপ্ত হবে না বিধায় প্রকল্প সমাপ্তি শেষে সম্পদ হস্তান্তর সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারণ এর সুযোগ নেই। | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম.................. ০৮ | | | | | | | | | | | | | |
| ৩.৩ রাজস্ব উন্নয়নে পোস্ট পেইড গ্রাহককে প্রি-পেইড গ্রাহকে রূপান্তর | প্রি-পেইড মিটার স্থাপন নিশ্চিতকৃত | ৮ | সংখ্যা | এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স/ইঞ্জিনিয়ারিং)/প্রধান প্রকৌশলী, উন্নয়ন | ১.০০ লক্ষ | লক্ষ্যমাত্রা | ০.১০ লক্ষ | ০.২৫ লক্ষ | ০.৫০ লক্ষ | ১.০০ লক্ষ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

CE (D) to ED (E)

# সেকশন ৫

## ডিপিডিসি'র সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ (৩০)

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্ম সম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহঃ | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ | - | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ | - | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | ৪ | - | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ | - | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ | - | | | | | | | |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | SAIDI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |
| ২ | SAIFI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকোয়েন্সি ইনডেক্স |
| ৩ | এমওডি | মান্থলি অপারেশন ডাটা |
| ৪ | এমভিএ | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| ৫ | জি আই এস | জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম |
| ৬ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৭ | জি টু জি | গভর্নমেন্ট টু গভর্নমেন্ট |
| ৮ | ডিপিডিসি | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ৯ | বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড |
| ১০ | বিআরইবি | বাংলাদেশ রুরাল ইকেক্ট্রিফিকেশন বোর্ড |
| ১১ | এপিএসসিএল | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড |
| ১২ | আরপিসিএল | রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড |
| ১৩ | ইজিসিবি | ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| ১৪ | নওপাজেকো | নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড |
| ১৫ | পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| ১৬ | ডেসকো | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| ১৭ | ওজোপাডিকো | ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ১৮ | নেসকো | নর্দান ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| ১৯ | বিইপিআরসি | বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল |
| ২০ | স্রেডা | সাসটেইনেবল এন্ড রিনিউএবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি |
| ২১ | ইএসিইআই | ইলেকট্রিক্যাল এডভাইজার এন্ড চিফ ইলেকট্রিক ইন্সপেকটর |
| ২২ | বিসিসি | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল |
| ২৩ | বিটিসিএল | বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.২] গ্রাহক সন্তুষ্টি অর্জন | [২.২.১] সকল উপকেন্দ্রের GIS ম্যাপিং | প্রধান প্রকৌশলী (উন্নয়ন) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক (জিআইএস ম্যাপিং প্রকল্প), ডিপিডিসি | জিআইএস ম্যাপিং ও প্রতিবেদন |
| | [২.২.২] সকল ৩৩ কেভি লাইনের GIS ম্যাপিং | | |
| | [২.২.৩] সকল ১১ কেভি লাইনের GIS ম্যাপিং | | |
| [৩.১] বিতরণ লাইন সম্প্রসারণ | [৩.১.১] বিতরণ লাইন নির্মাণ | প্রধান প্রকৌশলী (উন্নয়ন) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক [এডিপিভুক্ত PDSD, ESPSN(G2G), UGSS এবং CSCSG প্রকল্পসমূহ এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন-১ ও উন্নয়ন-২) দপ্তর] | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/দপ্তর প্রধান কর্তৃক সরেজমিনে পরীক্ষাকরণ ও প্রত্যায়িত প্রতিবেদন, Work Completion certificate (প্রযোজ্য ক্ষেত্রে)/সংশ্লিষ্ট BoQ ও পরিশোধিত বিলের ফটোকপি, As-Built Drawing [বিস্তারিত তথ্য সম্বলিত GIS ম্যাপিং] এবং এসংক্রান্ত আপডেট তথ্য সম্বলিত অগ্রগতি পর্যালোচনা সভা/ PSC, PIC ও PEC সভার কার্যবিবরণী |
| | [৩.১.২] বিতরণ লাইন আপগ্রেডেশন | | |
| | [৩.১.৩] নির্মাণকৃত লাইন বিদ্যুতায়ন | | |
| | [৩.১.৪] আপগ্রেডেশনকৃত লাইন বিদ্যুতায়ন | | |
| | [৩.১.৫] নির্মাণ/ আপগ্রেডেশনকৃত লাইন পরিদর্শণ | | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/দপ্তর প্রধান কর্তৃক সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন |
| [৩.২] উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | [৩.২.১] বিতরণ উপকেন্দ্র নির্মান | | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/দপ্তর প্রধান কর্তৃক সরেজমিনে পরীক্ষাকরণ ও প্রত্যায়িত প্রতিবেদন, Work Completion certificate (প্রযোজ্য ক্ষেত্রে)/সংশ্লিষ্ট BoQ ও পরিশোধিত বিলের ফটোকপি, As-Built Drawing [বিস্তারিত তথ্য সম্বলিত GIS ম্যাপিং] এবং এসংক্রান্ত আপডেট তথ্য সম্বলিত অগ্রগতি পর্যালোচনা সভা/ PSC, PIC ও PEC সভার কার্যবিবরণী |
| | [৩.২.২] বিতরণ উপকেন্দ্র আপগ্রেডেশন | | |
| | [৩.২.৩] নির্মান/ আপগ্রেডেশনকৃত বিতরণ উপকেন্দ্র পরিদর্শণ | | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/দপ্তর প্রধান কর্তৃক সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বিতরণ লাইন সম্প্রসারণ | বিতরণ লাইন নির্মাণ | ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, সড়ক ও জনপদ বিভাগ, ওয়াসা, পিডব্লিউডি, বিটিসিএল ও অন্যান্য অংশীজন সংস্থা | ব্যক্তিগত ও পত্র মারফত যোগাযোগ |
| বিতরণ লাইন সম্প্রসারণ | বিতরণ লাইন আপগ্রেডেশন | | |
| বিতরণ লাইন সম্প্রসারণ | নির্মাণকৃত লাইন বিদ্যুতায়ন | | |
| বিতরণ লাইন সম্প্রসারণ | আপগ্রেডেশনকৃত লাইন বিদ্যুতায়ন | | |
| উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | বিতরণ উপকেন্দ্র নির্মান | ভূমি মন্ত্রণালয়, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, সড়ক ও জনপদ বিভাগ, ওয়াসা, পিডব্লিউডি, বিটিসিএল ও অন্যান্য অংশীজন সংস্থা | |
| উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | বিতরণ উপকেন্দ্র আপগ্রেডেশন | | |

আমি, প্রধান প্রকৌশলী (উন্নয়ন), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) হিসেবে নির্বাহী পরিচালক (প্রকৌশল), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, নির্বাহী পরিচালক (প্রকৌশল), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) হিসেবে প্রধান প্রকৌশলী (উন্নয়ন), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

প্রধান প্রকৌশলী (উন্নয়ন),
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

30/07/2023
তারিখ

30/07/2023

নির্বাহী পরিচালক (প্রকৌশল),
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

30/07/2023
তারিখ